



হরমুজ প্রণালিতে টোল আরোপ করবে না ইরান: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজের কাছ থেকে কোনো ধরনের টোল বা অতিরিক্ত ফি নেওয়া হবে না বলে ইরান যুক্তরাষ্ট্রকে জানিয়েছে। হরমুজ প্রণালি, ইরান, ট্রাম্প, বুধবার (২৪ জুন) টুথ সোশ্যালের দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, হরমুজ অতিক্রমকারী জাহাজগুলোর কাছ থেকে টোল, বীমা খরচ বা অন্য কোনো ধরনের অর্থ আদায় করা হবে না। তিনি বলেন, ইরানের দেওয়া এই তথ্য ভুল প্রমাণিত হলে তাদের সঙ্গে চলমান আলোচনা সঙ্গে সঙ্গে বন্ধ করে দেওয়া হবে। তবে ৬০ দিনের আলোচনাকাল শেষ হওয়ার পরও ইরান একই অবস্থানে থাকবে কি না, সে বিষয়ে কোনো মন্তব্য করেননি ট্রাম্প। এর আগে ইরান জানায়, তারা হরমুজ প্রণালি ব্যবহারকারী জাহাজের কাছ থেকে টোল নয়, বিভিন্ন সামুদ্রিক সেবার বিপরীতে ফি আদায়ের বিষয়টি বিবেচনা করছে। এ নিয়ে যুক্তরাষ্ট্রের আপত্তি রয়েছে। মঙ্গলবার ইরান ও ওমান যৌথভাবে জানায়, হরমুজ প্রণালিতে দেওয়া বিভিন্ন সেবার জন্য কী পরিমাণ অর্থ নেওয়া হতে পারে, তা পর্যালোচনা করা হচ্ছে। একই সঙ্গে জলপথটির ওপর নিজেদের সার্বভৌম অধিকার থাকার বিষয়টিও তুলে ধরে দুই দেশ।

সূত্র: আল জাজিরা